দৈনিক বাংলা

তারিখ ... 29 OCT 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

৭

# অবজেক্টিভ প্রশ্ন তুলে নেয়ার দাবীতে মীরপুরে ছাত্র মিছিল

স্টাফ রিপোর্টার ঃ এসএসসিপরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন তুলে দেয়ার দাবীতে বুধবার মীরপুরের ৪টি স্কুলের কয়েকশ' ছাত্র মিছিল করে।

মিছিলের সময় তারা ৫/৬টি গাড়ি ভাঙচুর করে। পুলিশ মিছিলকারীদের মধ্য থেকে ২২ জনকে আটক করেছে। গভীর রাতে পুলিশের একজন কর্মকর্তা জানান যে তাদের ছেড়ে দেয়া হবে।

মীরপুর উচ্চ বিদ্যালয়, ন্যাশনাল বাংলা বিদ্যালয়, এনসিসি মডেল হাই স্কুল ও আদর্শ হাই স্কুলের ছাত্ররা এই মিছিলে অংশ নেয়।

পুলিশ জানায় ঃ ছাত্ররা তাদের দাবীতে শ্লোগান দিতে দিতে ১০ নম্বর গোল চক্করের দিকে যায়। এ সময় ছাত্ররা বিআরটিসির একটি বাস ছাড়াও ৪/৫টি গাড়ি ভাঙচুর করে। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি আয়ত্তে আসে। পুলিশ ঘটনাস্থল থেকে ২২ জন ছাত্রকে আটক করেছে।